

আমার বাড়ি আমার খামার প্রকল্প  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
প্রবাসী কল্যাণ বিভাগ (লেভেল-১৩)  
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা -১০০০।

স্মারক নং -আবাআখা/প্রশা/ জেলা সম: মনিটরিং/১৫১/২০১৯-৬৩৬২


তারিখ: ১০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি:

বিষয়: জেলা সমন্বয়কারীদের ফেব্রুয়ারি, ২০২০ মাসের সফরসূচি অনুমোদন প্রসঙ্গে।

অত্র কার্যালয়ের প্রেরিত পত্র স্মারক নং- এবাএখা/প্রশা/পরিপত্র/১৭(অংশ)/২০১৬- ২৬৩৭, তারিখ: ২৮.১১.১৯ খ্রি: মোতাবেক সকল জেলা সমন্বয়কারী / দায়িত্বপ্রাপ্ত সিনিয়র অফিসারদের মাসিক সফরসূচি অনুমোদনের লক্ষ্যে নরসিংদী, ভোলা, সাতক্ষীরা, ঝালকাঠী ও বান্দরবান (৫টি) ব্যতিত প্রাপ্ত সকল (৫৯ টি) জেলার ফেব্রুয়ারি'২০ মাসের সফরসূচি অনুমোদন করা হলো।

উল্লেখ্য যে, প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে পরবর্তি মাসের সফরসূচি এবং ৫ তারিখের মধ্যে পূর্ববর্তি মাসের ভ্রমণসূচি বাস্তবায়নের চেক লিষ্ট প্রেরণের কথা থাকলেও অধিকাংশ জেলা থেকেই যথাসময়ে তা প্রেরণ না করার কারণে কাজে বিঘ্ন ঘটছে এবং বার বার তাগাদা দিতে হচ্ছে, যা অফিস শৃঙ্খলা পরিপন্থী কাজের সামিল, তাই এখন থেকে নির্ধারিত সময়ের মধ্যে যথানিয়মে তথ্য প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

আশা করছি, অনুমোদিত সফরসূচি মোতাবেক উপকারভোগীদের জীবনমান উন্নয়নে সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকবে।

  
(আকবর হোসেন)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
আমার বাড়ি আমার খামার প্রকল্প

জেলা সমন্বয়কারী / দায়িত্বপ্রাপ্ত সিনিয়র অফিসার (সকল)

----- জেলা

অবগতির জন্য অনুলিপি :

০১. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা ;
০২. উপজেলা সমন্বয়কারী/ শাখা ব্যবস্থাপক, সকল উপজেলা :
০৩. অফিস নথি ;